

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অর্জন এবং বাস্তবায়ন বিষয়ে
নৈতিকতা কমিটি’র ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ০২.১১.২০২৩ খ্রি।
সময় : সকাল: ১০.৩০ ঘটিকা।
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর উপপরিচালক (প্রশাসন-০১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা’র ১ম ত্রৈমাসিক প্রতিবেদন বা অর্জন ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ০৬.০৭.২০২৩ খ্রি.তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী, সংযোজন বা বিয়োজন না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা ও এর অর্জন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে।
- ২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী এ অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের পিআইসি (PIC) এর সভা এবং শুদ্ধাচার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ৩০শে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে আয়োজনের ব্যবস্থা করতে হবে।
- ৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট শাখা/দপ্তরে লিখিতভাবে অবহিত করতে হবে।
- ৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)


মহাপরিচালক

ফোনঃ ৫৮৮১৫৪৯৫

ই-মেইল-dg@ddm.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। উপপরিচালক/উপপ্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার/নির্বাহী প্রকৌশলী/সহকারী পরিচালক(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(এস এম সোহরাব হোসেন)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ০২-২২২২৬১৩৬০

